



দেশের স্থিতিশীলতা নষ্টের ষড়যন্ত্র চলছে: মির্জা ফখরুল



মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

স্থানীয় এক গণসংবর্ধনা অনুষ্ঠানে দেশের বর্তমান পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম। তিনি বলেন, একটি পক্ষ দেশের স্থিতিশীলতা নষ্ট করার চেষ্টা করছে এবং এ বিষয়ে সবাইকে সতর্ক ও সজাগ থাকতে হবে।

বুধবার (৩ জুন) দুপুরে ঠাকুরগাঁওয়ের নবগঠিত রুহিয়া উপজেলায় তাকে গণসংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে তিনি রাজনৈতিক পরিস্থিতি, উন্নয়ন কার্যক্রম এবং সামাজিক ইস্যু নিয়ে কথা বলেন।

তিনি দাবি করেন, নির্বাচনের আগে ঠাকুরগাঁওয়ের জনসভায় যেসব প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, সেগুলো ধাপে ধাপে বাস্তবায়নের কাজ চলছে। সরকারের লক্ষ্য হচ্ছে দেওয়া প্রতিশ্রুতি অনুযায়ী কাজ এগিয়ে নেওয়া এবং নির্ধারিত সময়ের মধ্যেই অগ্রগতি নিশ্চিত করা।

এ সময় তিনি আরও বলেন, সরকার কথার ওপর ভিত্তি করেই কাজ করছে এবং প্রতিশ্রুতি রক্ষা করার বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে।

তরুণ সমাজকে মাদক থেকে দূরে রাখতে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বানও জানান তিনি। তার মতে, মাদকাসক্তি যুব সমাজের জন্য বড় হুমকি হয়ে দাঁড়িয়েছে, যা পরিবার ও সমাজকে ধীরে ধীরে দুর্বল করে দিচ্ছে।

তিনি বলেন, এই পরিস্থিতি থেকে বেরিয়ে আসতে হলে পরিবার, সমাজ ও তরুণদের সম্মিলিতভাবে সচেতন হতে হবে এবং মাদকবিরোধী একটি শক্তিশালী সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে।